

এ্যাসোসিয়েশন অব ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

রেজিস্ট্রেশন নং এস/৫৯৩০৬/৮৮-৮৯

মৌলালি প্লাজা, ৪র্থ তল, ১১৩/এ, এ.পি.সি. রোড, কলকাতা-৭০০ ০১৪

ইমেল-gsallo1987@gmail.com এবং ওয়েবসাইট : allowb.org

স্মারক নং- ০৫/আলো/২০২০

তারিখ- ২৪/০২/২০২০

প্রতি,

১. সাধারণ সম্পাদক, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স এ্যাসোসিয়েশন
২. সাধারণ সম্পাদক, এ্যাসোসিয়েশন অব রেভেনিউ অফিসার্স অ্যান্ড স্পেশাল রেভেনিউ অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

সাথী,

আমাদের ক্যাডারের একজন মানুষ হিসাবে অত্যন্ত উদ্বেগ নিয়ে এই চিঠি লিখছি।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে বিগত কয়েক বছর ধরে ক্যাডার তথা রাজ্য সরকারী কর্মচারী হিসাবে আমরা চূড়ান্ত আর্থিক বঞ্চনার মধ্য দিয়ে অতিবাহিত করছি। ক্যাডারগত আর্থিক দাবিদাওয়া এবং সার্ভিস প্রসঙ্গেও বিন্দুমাত্র কোন অগ্রগতি বিগত বছরগুলিতে ঘটেনি। এরসাথে যুক্ত হয়েছে আমলাতান্ত্রিক স্বেচ্ছাচারিতা, মানসিক লাঞ্ছনা, শারীরিক নিগ্রহ যা আমাদের ক্যাডারকুলকে বিপর্যস্ত করে তুলেছে।

২০১১ সালে সন্দেশখালির বি.এল অ্যান্ড এল.আর.ও-র ওপর শারীরিক আক্রমণ দিয়ে যে অধ্যায়ের সূচনা হয়েছিল তার একটা চূড়ান্ত পরিণতি ঘটেছে বিগত ১৯শে ফেব্রুয়ারি, ২০২০ খড়্গপুরে যখন আমাদের ক্যাডারের আধিকারিকরা ন্যস্ত দায়িত্ব প্রতিপালন করতে গিয়ে বেদমভাবে প্রহৃত হন। এই আক্রমণের ভয়াবহতা ও নৃশংসতা শিউরে ওঠার মতন, প্রাণসংশয়ের সম্ভাবনাও ছিল। এই সমস্ত আক্রমণকারী, দুষ্কৃতকারীদের মদতদাতা কারা তা-ও বোধহয় আমাদের কারোর আজ অজানা নয়। এমনকি কোথাও কোথাও স্থানীয় জনপ্রতিনিধিদের প্রত্যক্ষ ভূমিকার খবরও পাওয়া যাচ্ছে। পুলিশ প্রশাসন বেশিরভাগ ক্ষেত্রেই নীরব দর্শকের ভূমিকা নিচ্ছেন।


একদিকে, আমরা সবাই 'চোর', 'বাস্তুষুঘু' বলে সাধারণ মানুষকে আমাদের বিরুদ্ধে প্ররোচিত করা হচ্ছে। অন্যদিকে, দুর্বল পরিকাঠামো, অপ্রতুল কর্মচারী সংখ্যা, আইনি জটিলতা প্রভৃতির কারণে যথাযথ পরিবেশ সাধারণ মানুষকে দ্রুত দিতে না পারার সমস্ত দায় কেবলমাত্র আমাদের ক্যাডারের ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে।

আমরা সাংগঠনিকভাবে আমাদের সাধ্যমতো প্রতিটি ঘটনাতেই প্রতিবাদ জারি রেখেছি। সবথেকে আশার বিষয় হল, সেই পথ ধরেই বিগত ২০শে ফেব্রুয়ারি, ২০২০ তারিখে (খড়্গপুরে ঘটে যাওয়া দুষ্কৃতকারী আক্রমণের প্রতিবাদে) সমগ্র ক্যাডারের মানুষজন যে যেখানে যেমনভাবে পেরেছেন সাধ্যমতো স্বতস্ফূর্তভাবে প্রতিবাদ করেছেন। আপনিও নিশ্চয়ই লক্ষ করেছেন যে সমগ্র ক্যাডারের মধ্যে ঐক্যবদ্ধ প্রতিবাদ-প্রতিরোধ করার তীব্র আকুতি জেগে উঠেছে।

এই প্রত্যাশাকে সম্মান জানিয়ে আমি আবারও একবার আপনার কাছে আবেদন জানাচ্ছি যে, আসুন, ক্যাডারস্বার্থকে সর্বাগ্রে স্থান দিয়ে আমরা এই অত্যাচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়াই। আজকের পরিস্থিতিতে এটাই একমাত্র পথ বলে আমাদের বিশ্বাস। এমতাবস্থায় পারস্পরিক আলোচনার ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

আপনার ইতিবাচক উত্তরের প্রত্যাশায় রইলাম।

ধন্যবাদান্তে,

 ২৪/০২/২০২০
চঞ্চল সমাজদার
সাধারণ সম্পাদক